

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৫৬৫(আগরতলা ৯।৯)

আমবাসা, ৯ সেপ্টেম্বর, ২০১৯

আমবাসায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

শোভাযাত্রা ও আলোচনাচক্রের মাধ্যমে গতকাল ধলাই জেলাভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। ধলাই জেলা লোক শিক্ষা সমিতি, আমবাসা ব্লক লোক শিক্ষা সমিতি এবং আমবাসা পুর এলাকা সাক্ষরতা সমিতির উদ্যোগে আমবাসা টাউন হলে আলোচনাচক্র আয়োজিত হয়। অনুষ্ঠান শুরুর আগে এক বর্ণাঢ্য শোভাযাত্রা আমবাসার বিভিন্ন রাস্তা পরিক্রমা করে স্থানীয় টাউন হলে এসে শেষ হয়। আলোচনাচক্রে উদ্বোধকের ভাষণে ধলাই জিলা পরিষদের সহকারী সভাপতি অনাদি সরকার রাজ্যকে নিরক্ষরমুক্ত করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। এ কাজে শিক্ষিত সমাজকে দায়িত্ব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। স্বাগত ভাষণ রাখেন ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক গোবেকর ময়ূর রতিলাল। তিনি সমাজের সব অংশের মানুষকে নিরক্ষরতা দূরীকরণের কাজে এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন সালেমা বি এ সি'র চেয়ারম্যান বিমল দেববর্মা এবং জেলা শিক্ষা আধিকারিক অর্জুন শর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক।
